

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি

গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯

প্রশিক্ষণ (মধ্য মেয়াদী) সংক্রান্ত তথ্য ও নির্দেশনাসমূহ

১। কোর্স শিরোনাম: Advanced Training on Biotechnology

২। কোর্সের মেয়াদ: ১০ (দশ) দিন।

৩। কোর্সের বিষয়বস্তু:

Biotechnology in Bangladesh & NIB, Basic techniques in molecular biology, Planning & designing R&D project, Risk analysis and risk management, Laboratory safety and personal hygiene, Intellectual property right (IPR), Genomic & Plasmid DNA extraction, RNA extraction & quantification, PCR, RT-PCR, Agarose gel electrophoresis, Restriction enzyme analysis, Cell Culture, DNA finger printing & DNA sequencing, Interactive bioinformatics etc.

৪। আসন সংখ্যা: ১৫ (পনের)।

৫। কোর্স ফি: ৩,০০০.০০ (তিন হাজার) টাকা। মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর অনুকূলে উত্তরা ব্যাংক, ইপিজেড শাখা, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা- ১৩৪৯ বরাবর উত্তরা ব্যাংক এর যেকোন শাখা হতে প্রশিক্ষণ ফি বাবদ ৩,০০০.০০ (তিন হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযোজন করতে হবে। ব্যাংক ড্রাফট/পে অর্ডার নম্বর আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

৬। প্রশিক্ষণার্থী নির্বাচন:

বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানসমূহের জীবপ্রযুক্তি/সংশ্লিষ্ট বিভাগ হতে প্রস্তাবিত শিক্ষক/ গবেষক/পেশাজীবীদের তালিকা অনুযায়ী।

৭। অনলাইন রেজিস্ট্রেশন:

প্রার্থীকে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) এর ওয়েব সাইট (www.nib.gov.bd) এর মাধ্যমে এনআইবি কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফরম পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

অনলাইন রেজিস্ট্রেশন ফরম পূরণের সময় প্রার্থীর নিজের সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি, প্রার্থীর নিজের স্বাক্ষর, প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত মনোনয়ন পত্র, ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর কপি JPG/GIF/PNG ফরম্যাট এ স্ক্যান করে আপলোড করতে হবে এবং প্রয়োজনীয় অন্যান্য তথ্যাদি নির্ভুলভাবে পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের সময় প্রশিক্ষণার্থীর সম্প্রতি তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি, ব্যাংক ড্রাফট/পে অর্ডার এবং মনোনয়নপত্র এর মূল কপি অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে।

৮। আবাসন সুবিধা:

প্রশিক্ষণার্থীগণের জন্য আবাসিক ব্যবস্থা রয়েছে। এ ক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণকে প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা হারে ভাড়া প্রদান করতে হবে। যে সকল প্রশিক্ষণার্থীগণ আবাসিক সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে পূর্ব হতেই আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। যে সকল প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ শুরুর পূর্ব রাত হতে আবাসিক সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক, তাদেরকে অবশ্যই পূর্বের দিন বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে এনআইবি'তে উপস্থিত হয়ে রিপোর্ট করতে হবে।

৯। খাবার ব্যবস্থা:

প্রশিক্ষণার্থীদের জন্য এনআইবি'র ক্যাম্পাসে খাবারের ব্যবস্থা রয়েছে। খাবারের খরচ প্রশিক্ষণার্থীকে বহন করতে হবে। খাবার বাবদ আনুমানিক ২,২০০- ২,৫০০ টাকা ব্যয় হতে পারে।

১০। অন্যান্য:

অংশগ্রহণকারী সকল প্রশিক্ষণার্থীকে অবশ্যই এপ্রোন সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য এনআইবি'র পক্ষ হতে প্রশিক্ষণার্থীদের কোন প্রকার ভাতাদি প্রদান করা হবে না। প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীকে অবশ্যই এনআইবি'র সকল নিয়ম কানুন মেনে চলতে হবে।

প্রশিক্ষণ সংক্রান্ত যোগাযোগ:

ড. জাহাঙ্গীর আলম

চীফ সায়েন্টিফিক অফিসার ও কোর্স পরিচালক

মোবাইল: ০১৭১২-৮১৯০৯৮, ফোন: ০২-৭৭৮৯২৮৯, ফ্যাক্স: ০২-৭৭৮৯৬৩৬

ইমেইল: hrdnib@gmail.com, ওয়েবসাইট: www.nib.gov.bd